গাংনী উপজেলা আওয়ামী লীগের শান্তি সমাবেশে -এমপি সাহিদুজ্জামান

আওয়ামীলীগ ক্ষমতায় না থাকলে সন্ধায় বোমা ফাটবে,শান্তির ঘুম হারাম হয়ে যাবে। মুখ থুবড়ে পড়বে দেশের উন্নয়ন। ম্লান হয়ে যাবে স্মার্ট বাংলাদেশের দেখা স্বপ্ন। বাজার থেকে কেউ টাকা নিয়ে বাড়ি ফিরতে পারবে না। নিরাপদে পথ চলাচল বন্ধ হয়ে যাবে। নিরাপদে পথ চলতে হলে,শান্তিতে ঘরে থাকতে চাইলে, এবং দেশের উন্নয়ন দেখতে চাইলে আবারো আওয়ামী লীগ সরকারকে ক্ষমতায় বসানোর জন্য সকলের প্রতি অনুরোধ জানিয়ে নৌকা মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করার আহ্বান জানিয়েছেন। গাংনী উপজেলা আওয়ামী লীগের আয়োজিত বিশাল শান্তি সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় এমপি সাহিদুজ্জামান এসব কথা বলেন।

তিনি আরো বলেন, আওয়ামী লীগ ক্ষমতায় এলেই গ্রামীণ জনপদের উন্নয়ন হয়,শহর থেকে গ্রামগঞ্জেও উন্নয়ন হয়। আর বিএনপি ক্ষমতায় এলে উন্নয়নের পরিবর্তে ডাকাতি হয় ও বোমা ফাটে।মানুষের মধ্যে বাড়ে শুধু আতঙ্ক আর আতঙ্ক। শান্তিতে থাকতে হলে আওয়ামী লীগকে ভোট দেওয়ার কোন বিকল্প নেই।।

রবিবার বিকেলে গাংনী উপজেলা শহরের বাসস্ট্যান্ড এলাকার রেজাউল চত্বরে বিশাল শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা আওয়ামী লীগ আয়োজিত শান্তি সমাবেশে সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আওয়ামী লীগ নেতা হাজী মোহাম্মদ মহসিন আলী, যুব মহিলা লীগের সভানেত্রী এমপি পিৎল লাইলা আরজুমান বানু শিলা,,স্বেচ্ছাসেবক লীগ নেতা আবুল বাসার,সাহারবাটী ইউপি চেয়ারম্যান মশিউর রহমান,বামন্দী ইউপি চেয়ারম্যান ওবাইদুর রহমান কমল, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি শাহিদুজ্জামান শিপু। সমাবেশ পরিচালনা করেন গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, মেম্বার,

আওয়ামী লীগ ও তার অঙ্গসংগঠনের নেতৃবৃন্দসহ প্রায় সাত সহস্রাধিক নারী-পুরুষ।

মেহেরপুরের শ্যামপুর ইউনিয়নে শহিদুল ইসলাম পেরেশানের গণসংযোগ

শেখ হাসিনাকে আবারো ক্ষমতায় রাখতে ও উন্নয়নের ধারা অব্যাহত রেখে স্মার্ট বাংলাদেশ গড়তে মেহেরপুর জেলা আওয়ামী যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানের উদ্যোগে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকেলে শ্যামপুর ইউনিয়নের নতুন মদনা ডাংগা বাজারে এই গণসংযোগ অনুষ্ঠিত হয়।

এ সময় গণসংযোগ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ‘২০০১ থেকে ২০০৭ সাল পর্যন্ত বিএনপি জামায়াত জোট সরকার আমলে নির্যাতিত হয়েও যারা দলের জন্য নিবেদিত প্রাণ ছিলো, যাদের ছাড়া আওয়ামী লীগ কোন মিছিল মিটিং বের করতে পারতো না তারা আজ কোথায়? এর জবাব দিতে হবে। যে নেতার বাড়ি যেয়ে নেতা কর্মীদের ধাক্কা খেয়ে বের হয়ে আসতে হয় সে নেতাকে আমরা চাই না।’

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন।

জেলা যুবলীগের যুগ্ন আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান বলেন, ‘আমি যখন ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ছিলাম, তৎকালীন কলেজ ছাত্রলীগ ও জেলা ছাত্রলীগের সভাপতি ছিলো মাছুদ খান লিংকন। তিনি হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মারা গেছিলেন। যেদিন তার জানাজা হয়

সেদিন কতিপয় নেতার সাথে আমাদের নেতা লিংকনের জানাজায় না এসে এক কনসার্টে যোগ দিয়েছিলেন। এমন নেতা আমরা চাই না।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক আতিক স্বপন সঞ্চালনায় শ্যামপুর ইউনিয়ন আওয়ামী যুবলীগের সভাপতি আবুল হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সদস্য ও মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চান্দু, মাগুড়ার যুবলীগ নেতা ও কুছন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান বাকি বিল্লা শান্টু, কুস্টিয়া পৌর আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক আশরাফুল আলম রুবেল, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগ এর যুগ্ম সাধারণ সম্পাদক জুয়েল রানা, সদর থানা যুবলীগের যুগ্ন আহবায়ক সাজেদুর রহমান সাজু, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাবেক সেক্রেটারি ও জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ঐশী, ছাত্রলীগ নেতা ইব্রাহিম আওয়ামী লীগ ও যুবলীগ এবং ছাত্রলীগের বিভিন্ন সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গার জামজামি ইউনিয়নে কর্মী সভায় এমপি ছেলুন

আলমডাঙ্গার জামজামি ইউনিয়ন আওয়ামীলীগের আয়োজনে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেলে ঘোষবিলা মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ কর্মি সভা অনুষ্ঠিত হয়।

কর্মী সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,জামজামি ইউনিয়নের এই কর্মি সমাবেশ আজকে জনসভায় রুপ নিয়েছে। আমি খুবই খুশি হয়েছি। আপনারা সকলেই যদি ঐক্যবদ্ধভাবে মাঠে থাকেন তাহলে সকল অপশক্তিকে মোকাবেলা করা সম্ভব হবে। আজকে দেশে নানা ষড়যন্ত্র হচ্ছে,সকল ষড়যন্ত্র

[redacted]

[redacted]

সভাপতি আব্দুর রশীদ, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু,কালিদাসপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আশাদুল হক মিকা।

কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক কামরুজ্জামান শামীমেন পরিচালনায় কর্মি সভায় বক্তব্য রাখেন কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক আহবায়ক জালাল উদ্দিন, সাবেক যুগ্ম আহবায়ক ইউনিয়নের সাবেক চেয়ারম্যান নুরুল ইসলাম,উপজেলা যুবলীগের সাবেক আহবায়ক আহসান উল্লাহ,ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি মোল্লা এমদাদুল হক,সাংগঠনিক সম্পাদক এমদাদ হোসেন, রুবেল হোসেন,কালিদাসপুর ইউনিয়ন যুবলীগ নেতা এরশাদ আলী, ওয়ার্ড আওয়ামীলীগ নেতা আশাদুল হক,আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, মাসুদ রানা তুহিন, আলমডাঙ্গা পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি নয়ন সরকার, আলমডাঙ্গার ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হোসাইন বাদসা,হাসান, সাকিব, রঞ্জু, আব্দুল করিম,নাজিম উদ্দিন প্রমুখ।

প্রধানমন্ত্রীর জন্মদিনে মিরপুর উপজেলা ছাত্রলীগের বৃক্ষরোপণ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৭ তম জন্মদিন উপলক্ষে কুষ্টিয়ার মিরপুরে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করেছে মিরপুর উপজেলা ছাত্রলীগ।

গতকাল শুক্রবার (২৯ সেপ্টেম্বর) এ উপলক্ষে উপজেলার বিভিন্ন এলাকায় ফলজ ও বনজ বৃক্ষ রোপণ করেন তারা।

মিরপুর উপজেলা ছাত্রলীগের সভাপতি আসলাম আরেফীন এর নেতৃত্বে এ কর্মসূচি পালিত হয়।

বৃক্ষ রোপণ কর্মসূচির বিষয়ে উপজেলা ছাত্রলীগের সভাপতি আসলাম আরেফীন বলেন, প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ৭৭তম জন্মদিন উপলক্ষে আমার নেতা মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কামারুল আরেফীনের নির্দেশে আমরা উপজেলা ছাত্রলীগ বিভিন্ন এলাকায় বৃক্ষরোপণ করেছি। বৈশ্বিক উষ্ণতা নিয়ন্ত্রনে বৃক্ষ রোপনের কোন বিকল্প নাই তাই মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ সবুজায়নের পক্ষে নিরলস কাজ করে যাচ্ছেন। বৃক্ষরোপণের মাধ্যমে প্রধানমন্ত্রী ঘোষিত ভিশন ২০৪১ তথা ক্ষুধা ও দারিদ্র্যতা মুক্ত উন্নত বাংলাদেশ গড়ার ক্ষেত্রে সবুজয়ানের বিষয়টি সাধারণ শিক্ষার্থীদের মাঝে তুলে ধরার চেষ্টা করেছি। এছাড়াও কুষ্টিয়ার উন্নয়নের রুপকার মাহবুব আলম হানিফ এমপি মহদয়ের সবুজায়ন কুষ্টিয়া গড়তে এটি আমাদের একটি ক্ষুদ্র প্রচেষ্টা।

প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও উত্তরোত্তর সফলতা কামনা করে ছাত্রলীগের সভাপতি আসলাম আরেফীন আরও বলেন, পরম করুণাময় আল্লাহতা’লা তার সহায় হোন। যাতে তিনি দেশ থেকে ক্ষুধা ও দারিদ্র্য মুক্ত, দুর্নীতি, সন্ত্রাস নির্মূল করতে পারেন এবং দেশবাসীকে সুশাসন, সামাজিক ন্যায়বিচার ও উন্নত জীবন গঠনে সহায়তা করতে পারেন।

মেহেরপুরে সাংবাদিকদের সাথে এম এ এস ইমনের মতবিনিময়

মেহেরপুরে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী ঘোষণা করে সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন সাবেক কেন্দ্রীয় ছাত্রলীগ নেতা এম এ এস ইমন।
শনিবার দুপুরে মেহেরপুর জেলা শহরের একটি রেস্টুরেন্টে তিনি এ মতবিনিময় করেন। এম এ এস ইমন মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব সম্পদ সম্পাদক এবং কেন্দ্রীয় আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য।

মতবিনিময়কালে তিনি বলেন, মেহেরপুরের মাটি উর্বর। যেখানে বছরে চারটা ফসল উৎপাদন হয়। এখানে মানুষের ভাত-কাপড়ের তেমন অভাব নেই। মেহেরপুরে সব থেকে বড় সমস্যা হলো কর্মসংস্থানের। কারণ এখানে

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের আনন্দ মিছিল ও সমাবেশ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৭তম জন্মদিন উপলক্ষে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের আনন্দ মিছিল ও সমাবেশর আয়োজন করা হয়।

আজ শুক্রবার বিকেলে শেখ হাসিনার ৭৭তম জন্মদিন উপলক্ষে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের আনন্দ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর কোর্ট মোড় থেকে আনন্দ মিছিল বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর ক্লাবের সামনে এসে শেষ হয়।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলাম সোবহানের সভাপতিত্বে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, সহ-সভাপতি সায়েক রহমান শিশির, সংগঠনিক সম্পাদক উছাইদ আলী, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শরীফ রেজা পান্না, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক আতিক স্বপন, মেহেরপুর পৌর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি রিয়াদ আজিম, মেহেরপুর পৌর স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক শাহীন তানিম, মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক মতিয়ার রহমান মতিন, গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য সচিব জীবন আকবার মেহেরপুর সদর থানা আমঝুপি ইউনিয়নের সভাপতি মিনারুল ইসলাম, সাবেক ছাত্রনেতা রাহেনুজ্জামান পলেন সহ উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা ছাত্রলীগের

আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৭তম জন্মদিন উপলক্ষে মেহেরপুর জেলা ছাত্রলীগের আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আজ শুক্রবার রাতে মেহেরপুর জেলা আওয়ামী লীগের কার্যালয়ে মেহেরপুর ছাত্রলীগের আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের সভাপতিত্বে মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি ইমাম হোসেন ইমনের সঞ্চালনায় উপস্থিত ছিলেন সদর থানা ছাত্রলীগের সভাপতি জুলকারনাইন বায়েজিদ, গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, বারাদি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি আল মামুন, মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সেক্রেটারি আরিফুল ইসলাম, পিরোজপুর ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাদিকুর রহমান মতিন, আমঝুপি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি মকবুল হোসেন, পৌর ছাত্রলীগের ছাত্রনেতা রাতুল সহ মেহেরপুর জেলা এবং উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় প্রধানমন্ত্রীর ৭৭তম জন্মদিন পালিত

দামুড়হুদায় উপজেলা আওয়ামী লীগের আয়োজনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৭তম জন্মদিন পালন করা হয়েছে। এ উপলক্ষে আজ শুক্রবার বিকেলে দামুড়হুদা বাসস্ট্যান্ড এলাকায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা জেলা পরিষদ চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু। শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন যুবলীগ নেতা ফজলুর রহমান ফজু।

সভায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন ঢাকাস্থ চুয়াডাঙ্গা জেলা সমিতির সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা মীর্জা শাহরিয়ার মাহমুদ লল্টু,

বাংলাদেশ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক কৃষিবিদ ড. হামিদুর রহমান, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি সিরাজুল আলম ঝন্টু, দৈনিক সকালের সময় পত্রিকার সম্পাদক বাংলাদেশ সংবাদপত্র পরিষদের মহাসচিব মানবাধিকার কর্মী নুর হাকিম, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, সাবেক সভাপতি হাজি সহিদুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক সাবেক ভাইস চেয়ারম্যান অ্যাড. রফিকুল আলম রান্টু, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল মমিন মাস্টার, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু তালেব, নাটুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রেজাউল করীম, কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সহসভাপতি কাফি উদ্দীন টুটুল, উপজেলা শ্রমিকলীগের সভাপতি হাজি আব্দুল কাদির, আওয়ামী লীগ নেতা অ্যাড. ইউনুস আলী।

দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক আহবায়ক চুয়াডাঙ্গা জেলা জজকোর্টের এপিপি অ্যাড. আবু তালেবের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন যুবলীগ নেতা জাহাঙ্গীর আলম, আব্দুল মালেক ভূইয়া, সরোয়ার সিদ্দিক মামুন, হাফিজুর রহমান, প্রজন্মলীগ নেতা হাসান আল বাখার ডলার, আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজ ছাত্রলীগের আহবায়ক শাহীন মোল্লা। দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের আইন বিষয়ক সম্পাদক বুলবুল আহমেদসহ স্থানীয় আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ। বক্তারা বলেন, বাংলাদেশ আওয়ামী লীগ একটানা ১৫ বছর রাষ্ট্রীয় ক্ষমতায়। এই ১৫ বছরে দেশের ব্যাপক উন্নয়ন হয়েছে। যার একমাত্র দাবীদার বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। কোন এমপি নয়। পদ্মা সেতু, বঙ্গবন্ধু ট্যানেল, উড়াল সেতু, মেট্রোরেল, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, পায়রা সমুদ্র বন্দর আজ দৃশ্যমান। জননেত্রী দেশরত্ন শেখ হাসিনার নিরলস পরিশ্রমে দেশ আজ উন্নয়নের মহাসড়কে। সেই প্রাণপ্রিয় নেত্রী শেখ হাসিনা বলেছেন বিতর্কিত কাউকে এবার মনোনয়ন দেয়া হবেনা। নেত্রীর দীর্ঘায়ু কামনা করে বক্তারা আরও বলেন, চুয়াডাঙ্গা-২ আসনে এবার খাজিনদার পাল্টাতে হবে। নেত্রীর প্রতি আমাদের একটাই অনুরোধ কোন রাজাকার পরিবারের কাউকে যেন নমিনেশন দেয়া না হয়। একজন পরিচ্ছন্ন, ত্যাগী ও আওয়ামী লীগের পরীক্ষিত ক্লিন ইমেজের ব্যাক্তিকে নমিনেশন দিবেন। ইনশাআল্লাহ, আমরা কাঁধে কাঁধ মিলিয়ে নৌকার বিজয় সুনিশ্চিত করতে সক্ষম হব।

মেহেরপুরে এ্যাড. মিয়াজানের লিফলেট বিতরণ

মেহেরপুরে সরকার উন্নয়ন চিত্র তুলে ধরে লিফলেট বিতরণ করলেন জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি মনোনয়ন প্রত্যাশী এ্যাড. মিয়াজান আলী।

বৃহস্পতিবার বিকেলে কোর্ট মোড় থেকে লিফলেট বিতরণ কার্যক্রম শুরু হয় এবং প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী বলেন আজকের দিনটা আমাদের অত্যন্ত পবিত্রের দিন আজ আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জন্ম দিন এবং আমাদের জননেত্রী শেখ হাসিনার ও জন্মদিন এই জন্মদিনে শেখ হাসিনার উন্নয়ন বাংলাদেশ আওয়ামী লীগ সরকারের উন্নয়নের লিফলেট বিতরণ করছি ।

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সদস্য টনিক বিশ্বাস, আমদহ ইউনিয়নের আওয়ামী যুবলীগের সাবেক সভাপতি মুস্তাকিম আলী, জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক জুয়েল রানা, জেলা আইনজীবী সমিতির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক এডভোকেট আব্দুল্লাহ আল মামুন রাসেল, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাবেক সেক্রেটারি ও জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, বুড়িপোতা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক রোমেল মোল্লা, আবুল হায়াত, আক্কাস আলী সহ বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।